শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো

গোলক ধাঁধা

সুডোকু মেলাও — **বুদ্ধি বাড়াও**

		9				4	3	
	3			1			6	
5	7			4	9			
8			5	3				6
1				8	7			2
			7	5			4	3
	4			6			2	
	8	3				9		

গতকালের সমাধান

1	3	6	4	2	8	7	9	5
7	2	8	6	9	5	3	4	1
5	4	9	3	7	1	2	8	6
3	7	4	8	6	2	1	5	9
2	8	5	9	1	3	6	7	4
6	9	1	5	4	7	8	2	3
9	6	7	2	3	4	5	1	8
4	5	2	1	8	6	9	3	7
8	1	3	7	5	9	4	6	2

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৯ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।২১, **সূর্যাস্ত:** ঘ ৫।৪৬ **জোয়ার:** ভোর ৩.০৯। **ভাঁটা:** রাত ১০.২৩।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।
–সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	: 64.0276
INR / 1 Euro	: 76.3593
INR / 100 Jap. YEN	: 58.7000
INR /1 Pound Sterling	: 83.4664

শেয়ারসূচক

BSE	31,662.74▲	+0.77
NIFTY	9,937.30 ▲	+21.10

শব্দলিপি- ৯৯২



নারায়ণ দাঁ

পাশাপাশি ঃ ১। বিরতি ৩। মোদক ৫। ব্রতা দিতে ভক্ষণীয় ঘৃতান্ন ৭। 'লগন'-এর নায়ক ৮। লোকজনসহ ৯। ছন্দবিশেষ ১১। নটবর ১২। ক্ষণমাত্র
উপরনীচ ঃ ১। বিচ্ছেদ ২। মানুষ ৩। সম্ভাব ৪। নিশিভোজন ৬। বিপত্তারণ ৭। জলবায়ু ৯। পতন ১০। ধোবা
সমাধান ঃ শব্দলিপি - ৯৯১
পাশাপাশি ঃ ১। অন্তক ৫। বলাই ৬। দশতলা ৭। পকান্ন ৯। অতিষ্ঠ ১০। পাঞ্চজন্য ১২। ললিতা ১৩। কারক
উপরনীচ ঃ ১। অগ্রীশ ২। কমলাপতি ৩। অবসন্ন ৪। আইন অমান্য ৬। দনুজদলনী ৮। কাষ্ঠপাদুকা ৯। অবতার ১১। জমক

কংগ্রেসের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়ায় প্রতিবাদ আন্দোলনে কংগ্রেস আরও সরব হল তার প্রমাণ পাওয়া গেল বৃহস্পতিবার। পুরসভা ও জেলা পরিষদের দুর্নীতির প্রতিবাদে জেলা কংগ্রেসের পক্ষ থেকে হাওড়ায় পালিত হল বিক্ষোভ সমাবেশ ও ডেপুটেশন কর্মসূচি। বৃহস্পতিবার দুপুরে হাওড়ার বঙ্কিম সেতুর নিচে ময়দান চত্বরে ওই বিক্ষোভ সভা অনুষ্ঠিত হয়। পুরসভা এলাকায় বসতবাড়ির ট্যাক্স, বিল্ডিং প্ল্যান, আবেদন ফর্ম, ট্রেড লাইসেন্স, মিউটেশন ফি বৃদ্ধি সহ বিভিন্ন ইস্যু নিয়ে এদিন সরব হন বক্তারা। এর পাশাপাশি জেলা পরিষদে প্রধানমন্ত্রীর গ্রাম সড়ক যোজনায় দুর্নীতি, ভুয়ো জবকার্ডে অর্থ বরাদ্দ, মৃত লোকের নামে টাকা প্রদান, খাল সংস্কার, জাতীয় সহায়তা প্রকল্প, প্রধানমন্ত্রী আবাস যোজনার দুর্নীতির বিরুদ্ধেও এদিন বক্তব্য রাখা হয় কংগ্রেসের পক্ষ থেকে। পরে মেয়র ও সভাধিপতিকে স্মারকলিপি দেওয়া হয়।

ধর্ষণের অভিযোগে গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়ার বাগনানের ঘটনায় সাফল্য পেল পুলিশ। স্কুল ছাত্রীকে রাতের অন্ধকারে টেনে নিয়ে গিয়ে ধর্ষণের চেষ্টার অভিযোগে এক যুবককে গ্রেফতার করল পুলিশ। ধৃতের নাম শেখ লালু। জানা গেছে, মঙ্গলবার রাতে নবম শ্রেণির এক ছাত্রী প্রাইভেট টিউশনি সেরে বাড়ি ফেরার সময়ে বাগনানের কাঁটাপুকুরের বাড়িতে ফিরছিল। সেই সময়ে রাস্তার ধার থেকে মদ্যপ অবস্থায় থাকা লালু তার মুখ চেপে ঝোপের দিকে টেনে নিয়ে যেতে থাকে।

ভাগ্যলিপি

মেষ
সঙ্গীত ও কলাকুশলীদের সাফল্যে রয়েছে আজকের দিনটিতে।

বৃষ
যে সমস্যা ছিল তা কাটিয়ে উঠে খুশিতে দিনযাপন করতে পারবেন আজ।

মিথুন
দীর্ঘমেয়াদী পরিকল্পনায় আজ সফল হবেন। ভাল খবর আজ পেতে পারেন।

কর্কট
খারাপ দিন নয়। কাজের সুযোগ পেতে পারেন আজ। ক্ষমতা বৃদ্ধি পেতে পারে। এগিয়ে চলার চেষ্টা করুন।

সিংহ
বন্ধুদের সহযোগিতায় এগিয়ে যেতে পারবেন। তবে তাদের সঙ্গে ব্যক্তিগত বিষয় খুলে না বলাই ভাল।

কন্যা
একটা লাভজনক দিন অপেক্ষা করছে আপনার জন্য। এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতা সরিয়ে আপনি সফল হতে পারবেন।

তুলা
আজ আপনি কর্মস্থলে বাধা সম্মুখীন হতে পারেন। সে বাধা কাটিয়ে উঠে সামনের দিকে এগোনোর চেষ্টা করুন।

বৃশ্চিক
মানুষের সঙ্গে ভাল ব্যবহার করুন। তাহলে সাফল্য আসবে। জীবন ধারনের জন্য খাবারের তালিকা বদল করার চেষ্টা করুন।

ধনু
সমস্যায় পড়তে পারেন আজ। আপনাকে সেই সমস্যা কাটিয়ে ওঠার চেষ্টা করতে হবে।

মকর
হতাশ হবেন না। দিনের শেষে আপনার সাফল্য আসতে পারে।

কুম্ভ
যত্ন সহকারে জটিল বিষয়গুলিকে সমাধানের চেষ্টা করুন। তবে সিদ্ধান্ত নিতে হবে ঠাণ্ডা মাথায়।

মীন
বন্ধুদের সঙ্গে মানিয়ে নেওয়ার দিন আজ। ভাল খবর পেতে পারেন।

বারাসতের শতদল শিক্ষানিকেতনে ফের ব্লু হোয়েলের শিকার নবম শ্রেণির ছাত্র

নিজস্ব সংবাদদাতা,বারাসত : ফের ব্লু হোয়েল গেম খেলার শিকার হল বারাসতের এক ছাত্র। নবম শ্রেণির ওই ছাত্রের হাতে ব্লেড দিয়ে তিমি আঁকা ছবি দেখতে পান স্কুলের এক শিক্ষক। বিষয়টি তার নজরে আসতেই জানানো হয় প্রধান শিক্ষককে। বৃহস্পতিবার এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায় বারাসতের আশুতোষ পল্লি শতদল শিক্ষা নিকেতনে। বারাসত থানা সূত্রে জানা গেছে, ছাত্রটি ব্লু হোয়েলের ১৮তম দান খেলেছিল। স্কুলের শিক্ষকদের কাছেও গেম খেলার কথা স্বীকার করেছে সে। এর ফলে আতঙ্ক ছড়িয়ে পড়ে স্কুলের ছাত্র থেকে অভিভাবকদের মধ্যে। স্কুল এবং পুলিশ সূত্রে জানা গেছে, নবম শ্রেণির ছাত্র জয় চৌধুরি এদিন স্কুলে এসে নিজের হাতের কনুইয়ে প্রথমে পেন পরে পরে ব্লেড দিয়ে কাটে। ক্লাসে মাস্টারমশাই খাতা দিতে গিয়ে ওই ছাত্রের হাত দেখতেই তিনি বিষয়টি উপলব্ধি করেন। এরপরই ঘটনাটি তিনি স্কুলের প্রধান শিক্ষককে জানান। স্কুলের প্রধান শিক্ষক জানান, জয় প্রথমে বাড়ি থেকে হাতের কনুইয়ের উপরের দিকে পেন দিয়ে তিমির ছবি এঁকে নিয়ে আসে।

এরপর স্কুলের ক্লাস ঘরে বসেই ব্লেড দিয়ে সেই অংশ কেটে নেয়। এরপর স্কুল থেকেই খবর দেওয়া হয় বারাসত থানায়। খবর পেয়েই ঘটনাস্থলে আসে পুলিশ। যুদ্ধকালীন পরিস্থিতিতে বিশেষজ্ঞ দিয়ে ছাত্রটির কাউন্সেলিং করা হয়। পুলিশ জানিয়েছে, গত ১ সেপ্টেম্বর বাড়িতে ফেসবুক করছিল জয়। সেই সময় ফেসবুকেই ব্লু হোয়েল গেমের লিঙ্ক পায় সে। লিঙ্কটি সে ডাউনলোড করে নেয়। ছাত্রকে জেরা করে পুলিশ জানতে পেরেছে, প্রথম দুই তিনটি ধাপ খেলে সে জিতে যায়। কিন্তু তৃতীয় গেম হেরে গিয়েছিল সে। ছাত্রটি পুলিশকে জানিয়েছে, এরপরই বিভিন্নভাবে তাকে ভয় দেখানো হয়। তার ফেসবুকের পাসওয়ার্ডও আইডি হ্যাক করে নেওয়া হয়। তাকে ব্ল্যাকমেলও করা হতে থাকে। ফলে আবার সে গেমটি খেলতে শুরু করে। বাড়িতে গোটা বিষয়টাই গোপন রেখেছিল সে। ছাত্রটির পরিবারের তরফে জানানো হয়েছে, তারা বিষয়টির কিছুই জানতেন না। বারাসত থানার পুলিশ স্কুলে গিয়ে ওই ছাত্রকে একপ্রস্ত কাউন্সেলিং করার পর তাকে থানায় নিয়ে এসে ফের বিশেষজ্ঞদের দিয়ে কাউন্সেলিং করানো হয়। স্কুল সূত্রে জানা গেছে, ঘটনার গুরুত্ব অনুধাবন করে স্কুলের সমস্ত ছাত্র-ছাত্রীদের ব্লু হোয়েলের কুফল নিয়ে তাদের সচেতন করার পাশাপাশি কাউন্সেলিংও করা হয়েছে।

বাংলাদেশের নাগরিক হাওড়ায় হারানো জিনিস ফিরে পেল

হাওড়ায় গোলাবাড়ি থানার পুলিশ বাংলাদেশি দম্পতিকে পাসপোর্ট ও টাকা পয়সা ফিরিয়ে দিল।

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: ফের একবার মুখ উজ্জ্বল হল হাওড়ার। সিটি পুলিশ আরও একবার প্রমাণ করল নিজেদের দক্ষতা। মেয়ের ব্রেন টিউমারের চিকিৎসা করাতে বাংলাদেশ থেকে ভারতে এসেছিলেন বাংলাদেশের এক দম্পতি। কিন্তু ভারতে এসে পাসপোর্ট টাকা পয়সা এমনকি শিশুকন্যার চিকিৎসার কাগজপত্র সহ গুরুত্বপূর্ণ জিনিসপত্র সহ ব্যাগ ট্যাক্সিতে ভুল করে ফেলে চলে যায়। কিন্তু পুলিশি তৎপরতায় মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই ট্যাক্সিতে ফেলে যাওয়া ব্যাগ উদ্ধার হয়। এই ঘটনা হাওড়া সিটি পুলিশ শুধু হাওড়ার নয় মাথা উঁচু করেছে ভারতেরও।

মেয়ের চিকিৎসা করাতে বাংলাদেশের ঢাকা থেকে ভারতের চেন্নাই যাচ্ছিলেন মহঃ নুরুদ্দিন আহমেদ মুস্তাফা। মঙ্গলবার রাতে ঢাকা থেকে বাসে ওঠেন তারা। বুধবার বিকেল ৫টা নাগাদ কলকাতার মারক্যুইস স্ট্রিটে এসে পৌঁছান। সেখান থেকে ট্যাক্সি করে হাওড়া স্টেশনে এসে পৌঁছান সাড়ে ৫টা নাগাদ। রাত্রি সাড়ে ৮টায় ট্রেনের সময় হলেও অনেক আগেই চলে আসেন। যাবতীয় ব্যাগ পত্র ট্যাক্সির ডিকি থেকে নামালেও সব থেকে জরুরি ব্যাগটি নামাতে ভুলে যান নুরুদ্দিন আহমেদ মুস্তাফা। সেই ব্যাগটি নিজেদের সঙ্গে ট্যাক্সির সিটে রেখেছিলেন। সেই ব্যাগে ছিল নগদ ৬৬২০০ টাকা, নিজের, স্ত্রীর এবং শিশুকন্যার পাসপোর্ট এবং মেয়ের চিকিৎসা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র। স্থানীয় লোকজনের সহায়তায় সেই দম্পতি পৌঁছান গোলবাড়ি থানায়। ঘটনার বিবরণ শুনেই শুরু হয় পুলিশি তৎপরতা। থানার ভারপ্রাপ্ত আধিকারিক তথাগত পাণ্ডের নেতৃত্বে প্রথমেই হাওড়া স্টেশনের সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখা হয়। শিশুটির ট্যাক্সি থেকে নামার ছবি দেখে ট্যাক্সিটিকে চিহ্নিত করা হয় যার রেজিস্ট্রেশান নম্বর ডব্লু বি ০৪এফ ৭২৮৬। ট্রাফিক বিভাগের সহায়তায় মালিকের নাম ঠিকানা। এমনকি ফোন নম্বর খুঁজে যোগাযোগ করা হয়। ইতিমধ্যেই ওই দম্পতিকে থানায় এনে মা ও অসুস্থ শিশুটিকে থানার মহিলা কর্মীদের সহায়তায় একটি ঘরে রাখার ব্যবস্থা করেন। এরপরেই শিশুটির বাবাকে থানার পুলিশ কর্মীদের একটি দলের সঙ্গে পাঠিয়ে দেয় তার হারিয়ে যাওয়া ব্যাগ শনাক্ত করতে। মাত্র ৬ ঘণ্টার মধ্যে যাবতীয় জিনিসপত্র সমেত উদ্ধার করে মালিকের হাতে তুলে দেয় হাওড়া সিটি পুলিশ। এই প্রসঙ্গে গোলাবাড়ি থানার ভারপ্রাপ্ত আধিকারিক তথাগত পাণ্ডে জানান, পুলিশ কর্মী হিসেবে তিনি তার কর্তব্য করেছেন। এখন শিশুটি সুস্থ হয়ে গেলে তিনি ও সহকর্মীরা আনন্দ পাবেন। শিশুটির বাবা জানান, বাংলাদেশে বাড়িতে তারা ভারতের টিভি সিরিয়াল ক্রাইম পেট্রোল দেখেন। কিন্তু ভারতে এসে তিনি হাওড়ার পুলিশের কাজ দেখে বারবার মনে পড়ছে টিভিতে দেখা সেই ছবি যা আজ বাস্তবে চোখের সামনে দেখলেন তিনি। প্রতিবেশী দেশ থেকে ভারতে আসেন ঢাকার ছোট প্রিন্টিং ব্যবসায়ী নুরউদ্দিন আহমেদ মুস্তাফা, সঙ্গে স্ত্রী মাফুজা নুর ও বারো বছরের ব্রেন টিউমারে আক্রান্ত কন্যা নুর-ঈ-জান্নাত। গত রাত পুলিশ থানার একটি ঘরে কাটালেও আজ রাতে স্থানীয় কোনও হোটেলে থাকার ব্যবস্থা করে দিচ্ছে পুলিশ। এমনকি আগামী মঙ্গলবার হাসপাতালে দেখানোর দিন হওয়ার কারণে আগামীকাল শুক্রবার ট্রেনের টিকিটের ব্যবস্থাও করার চেষ্টা করছে পুলিশ এমনটাই জানা যায় গোলাবাড়ি থানা সূত্রে।

গণপিটুনিতে মৃত ১

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : সন্দেহের বশে পিটিয়ে মারল এক ব্যক্তিকে। ঘটনাটি ঘটেছে পাথরপ্রতিমা থানার ক্ষেত্রমোহনপুর গ্রামে। সূত্র মারফত জানা যাচ্ছে, গত পাঁচ তারিখ ওই গ্রামের বাসন্তী মণ্ডল প্রতিবেশী ভানু মণ্ডলকে বাড়িতে খাওয়ার নিমন্ত্রণ করে। রাতে ভানু মণ্ডল বাসন্তীর বাড়িতে এলে দশ-বারো জন ব্যক্তি ভানু মণ্ডলের উপর চড়াও হয়। বাসন্তীর সঙ্গে ভানুর অবৈধ সম্পর্ক রয়েছে এই বলে রড, বাঁশ দিয়ে প্রচণ্ড মারধর করে।

এরপর ভানু মণ্ডলের স্ত্রী লীলাবতী পাথর থানায় লিখিত অভিযোগ দায়ের করে। ভানু মণ্ডলকে স্থানীয়দের সাহায্যে কাকদ্বীপ মহকুমা হাসপাতালে ভর্তি করে স্ত্রী লীলাবতী। গত ৬ তারিখ অবস্থার অবনতি হওয়ায় ভানু মণ্ডলকে ডায়মন্ডহারবার জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

সেখানে ভানু মণ্ডলের মৃত্যু হয়। ভানু মণ্ডলের স্ত্রীর অভিযোগ, ক্রমে পাথরপ্রতিমা থানার পুলিশ বাপি মণ্ডল, শঙ্কর মণ্ডল, নগেন মণ্ডল, বাসন্তি মণ্ডল, উত্তম মণ্ডল, নেপাল মণ্ডল, অশোক মণ্ডলকে গ্রেফতার করে।

আজ আসামিদের কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হলে বিচারক বাসন্তীকে চোদ্দদিনের জেলা হেফাজতের এবং বাকি ছ'জনকে সাতদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। আসামিদের বিরুদ্ধে কেবলমাত্র ৩০২ ধারায় মামলা রুজু করার জন্য বিচারক নির্দেশ দেন।

বাইক রেসিং করতে গিয়ে মৃত হাওড়ার তিন

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: সামান্য ঝুঁকি ও যৌবনের আবেগ যে কতটা মারাত্মক হতে পারে তার প্রমাণ পাওয়া গেল। বাইক রেসিং করতে গিয়ে মৃত্যু হল তিনজনের। গুরুতর আহত আরও তিনজন হাওড়ার ডোমজুড় থেকে ৬ জন বাইকে করে হলদিয়ার উদ্দেশে বের হয়। রাত প্রায় ১টা নাগাদ পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমারে ৪১ নং জাতীয় সড়কে দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থলে মৃত্যু হয় দু'জনের। গুরুতর আহত অবস্থায় চারজনকে তমলুক জেলা হাসপাতালে নিয়ে গেলে আরেক জনের মৃত্যু হয়। বাকি তিনজনের অবস্থা আশঙ্কাজনক। নন্দকুমার থানার পুলিশ জানায়, প্রত্যেকে মদ্যপ অবস্থায় ছিল এবং কারও মাথায় হেলমেট ছিল না। এদিকে এই মৃত্যুর ঘটনায় হাওড়ায় ডোমজুড়ে শোকের ছায়া নেমে আসে।

হাওড়ায় শিশুর মৃতদেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: ফের সদ্যোজাত শিশুর মৃতদেহ উদ্ধার হল হাওড়ায়। হাওড়ায় নর্দমার ভেতর থেকে উদ্ধার হল সদ্যোজাত শিশুর মৃতদেহ। এই ঘটনায় চাঞ্চল্য ছড়াল এলাকায়। ঘটনাটি ঘটেছে হাওড়া থানা এলাকার সদর বক্সি লেনে বৃহস্পতিবার সকালে পুলিশ সূত্রে জানা গেছে, এদিন সকালে হাওড়া পুরনিগমের সাফাইকর্মী হাওড়ার সদর বক্সি লেনে কাজ করছিল।

সেই সময় সেখানকার নিকাশিনালার ভেতর সদ্যোজাত এক শিশুর মৃতদেহ দেখতে পায় তারা। শিশুটির আনুমানিক বয়স প্রায় ১০ দিন। সদ্যোজাত শিশুর মৃতদেহ উদ্ধারের খবর পেয়ে তা দেখতে ভিড় জমায় এলাকার বাসিন্দারা। সদ্যোজাত এই শিশুটিকে দেখতে পেয়ে সাফাইকর্মীরা খবর দেয় হাওড়া থানার পুলিশকে। পুলিশ ঘটনাস্থলে এসে সেই মৃতদেহ উদ্ধার করে। এই ঘটনার তদন্তে পুলিশ শিশুটির বাবা-মায়ের খোঁজ করছে। এক্ষেত্রে মানুষের মানসিকতার পরিবর্তনের প্রয়োজন বলে মনে করছেন মানুষ।

মহিলাকে ধর্ষণ, ধৃত অভিযুক্ত

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : মাথায় বন্দুক ঠেকিয়ে ধর্ষণ। ঘটনাটি ঘটেছে কুলপি থানার বাবুরমহল এলাকায়। সূত্র মারফত জানা যাচ্ছে, গৃহবধূর স্বামীকে কর্মসূত্রে প্রায়ই বাইরে যেতে হয়। সেই সুযোগ নেয় ওই অভিযুক্ত যুবক। গত কুড়ি দিন আগে স্বামী বাড়িতে ছিল না। সেই সুযোগে অভিযুক্ত যুবক বাড়িতে ঢুকে গৃহবধূর মাথায় রিভলভার ঠেকিয়ে ধর্ষণ করে। শুধু তাই নয় ঘটনা কাউকে জানালে প্রাণে মেরে ফেলারও হুমকি দেয়। স্বামী বাড়ি ফিরলে গৃহবধূটি স্বামীকে সব ঘটনা জানায়। এরপর গতকাল বাবুরমহল এলাকার লোকজন কুলপি থানায় গিয়ে অভিযুক্ত যুবককে গ্রেফতারের দাবি জানায়। গৃহবধূর লিখিত অভিযোগের ভিত্তিতে কুলপি থানার পুলিশ গতকাল রাতে অভিযুক্ত যুবককে গ্রেফতার করে। আজ ডায়মন্ডহারবার মহকুমা আদালতে ওই যুবককে পেশ করা হবে।

স্কুলের পুলকারে আগুন

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: সবেমাত্র রেডি হয়েছে ছাত্র-ছাত্রীরা। তার আগেই বিপত্তি। বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল বিই কলেজ মডেল স্কুলের ছাত্র-ছাত্রীরা। বৃহস্পতিবার দুপুরে স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে যাওয়ার জন্য কিছু দূরে অপেক্ষা করছিল পুলকারটি। কিন্তু তার আগে হঠাৎই সেই পুলকারে আগুন লেগে যায়।

সংশোধনী

গত ০৭.০৯.২০১৭-এ প্রকাশিত ইআইটিএ ইন্ডিয়া লিমিটেড-এর বিজ্ঞপ্তির বিষয়বস্তুতে প্রকাশ হয়েছিল 'উক্ত সভায় ব্যবসায়িক আলোচ্যসূচি অনুসারে আলোচনা হবে।" যা সঠিক তথ্য নয়। সঠিক তথ্যটি হল "৩০ জুন,২০১৭-এ সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ১৪ সেপ্টেম্বর,২০১৭ তারিখে বেলা ১২.৩০ মিনিটে সভাটি অনুষ্ঠিত হবে।" ভুল প্রকাশের জন্য দুঃখিত।

CHANGE OF NAME

Deewakar Agarwal, son of Mahabir Prasad Agarwal, residing at Space Town Housing Complex, Block - 2, Flat - 5E, V.I.P. Road, Near Haldiram Pure Food, P.S. Baguiati, Kolkata - 700 052 has become Ankit Agarwal vide affidavit dated 07.09.17 before the Ld. 1st Class Metropolitan Magistrate at Kolkata. Ankit Agarwal & Deewakar Agarwal are same and one identical person.

AFFIDAVIT

I, Smt Anima Dirghangi, wife of Sri debabrata Dirghangi, resident of Narendra Pally, P.O. & PS Barasat. Dist. North 24 Paraganas. Kolkata-700 124. Declare that I am a Citizen of India and have been residing at the above noted address with my family Members parmanently, my Voter Card No. CKW3181625 and Aadhaar Card No.6940 0587 0880 from the concerned authority respectively. as per Affidavit notary public, Barasat, North 24 pgs. on 31 Aug,2017.

CHANGE OF NAME

I,TASNEEM KHOZAIMA MOTIWALA. W/O HUZAIFA MOTIWALA, D/O SHOEB TAHER CURRIM R/O IDEAL NIKETAN, BLOCKE-A, FLAT NO-7B,3 CHINGRIGHATA LANE, P.S:-TANGRA, KOLKATA-700015, SHALL HENCEFORTH BE KNOWN AS TASNEEM MOTIWALA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 7.9.17.